"মিষ্টি বাচ্চারা - দূর্বলতা গুলি দান করে দিয়ে যদি কোনো ভুল হয়ে যায় তাহলে বলে দিতে হবে, নিজের বড়াই করবে (মিয়া মিঠ্ঠু হবে না) না, কখনোই রাগ করবে না"

*প্রশ্নঃ - কোন্ বিষয় মন্থন করে অপার খুশীতে থাকো ? কোন্ বিষয়ে কখনোই অখুশি হবে না ?

*উত্তরঃ - মন্থন করো -- আমরা এখন রাজযোগ শিখছি এরপর এসে সূর্যবংশী, চন্দ্রবংশী রাজা হবো । সুন্দর সুন্দর মহল তৈরী করবো । আমরা ভায়া শান্তিধাম হয়ে আমাদের সুখধামে যাবো । ওখানে সব এক নম্বর জিনিস থাকবে । তনও খুব সুন্দর নিরোগী পাওয়া যাবে । এখানে যদি আমাদের এই পূর্বের পুরানো শরীরে রোগ ব্যাধি হয়, তাহলে অখুশি বা দুঃখী হয়ো না, চিকিৎসা করতে হবে ।

*গীতঃ- জলসায় জ্বলে উঠলো বহ্নিশিখা...

ওম্ শান্তি । গীত তো বাচ্চারা অনেকবার শুনেছে । ভিন্ন - ভিন্ন প্রকারে বাচ্চাদের অর্থ বোঝানো হয় । যারা এই গীত বানিয়েছে, তারা তো এই কথা জানে না । তোমরা এখন অসীম জগতের বাবার বাচ্চা হয়েছো । তোমরা অসীম জগতের বাবার বাচ্চাও আবার পৌত্র - পৌত্রীও । এমন আর কোনো বাবা বলতে পারেন না যে, তোমরা আমার বাচ্চাও আর পৌত্র - পৌত্রীও । এখানে এটা আশ্চর্যের । আমরা সব আত্মারা শিব বাবার সন্তান, আর শিব বাবার এক সন্তান ব্রহ্মা হলো সাকারে, তাই আমরা পৌত্র - পৌত্রীও হই । বাবার কতো অগুন্তি বাচ্চা । সব বাচ্চারা এক বাবার । তোমরা এখন পৌত্র - পৌত্রী হয়েছো উত্তরাধিকার প্রাপ্ত করার জন্য, আর কেউ তো উত্তরাধিকার প্রাপ্ত করতে পারে না । সবাই যদি পৌত্র - পৌত্রী হয়ে যায় তাহলে সবাই স্বর্গের উত্তরাধিকার প্রাপ্ত করবে । এমন তো হতে পারে না, তাই কোটিতে কয়েকজনই পৌত্র - পৌত্রী হয় । প্রজাপিতা ব্রহ্মার জন্য বোঝানো হয় যে, প্রজাপিতা ব্রহ্মাকে অবশ্যই অ্যাডপ্ট করতে হয় । এক হয় অ্যাডাপ্টশন হয়, তারপর এ হযল প্রবেশ হওয়ার বিষয়। বাচ্চারা বলে, আমরা পৌত্র এবং পৌত্রীও । এই কথা আর কেউই বলতে পারবে না যে, বাচ্চারা নিজের সুইট হোমকে স্মরণ করো । একথা কাকে বলা হয় ? আত্মাদের । আত্মা এই অর্গ্যান্সের দ্বারা শোনে । এমন কেউ বলতেই পারে না যে, আমি আত্মাদের সঙ্গে কথা বলি । আত্মা শোনে - বাবা বলেন, আমি যে পরমপিতা পরমাত্মা, আমি এই ব্রহ্মার তনে প্রবেশ করে তোমাদের শেখাই । না হলে কিভাবে বোঝাবো ? আমাকে ব্রহ্মার তনেই আসতে হয় । নামও ব্রহ্মাই রাখতে হয়, তাই তো ব্রহ্মাকুমার - কুমারী বলা হয় । ওই ব্রাহ্মণদের জিজ্ঞাসা করো, তোমরা কিভাবে ব্রহ্মার সন্তান হলে ? ওরা তোমাদের বলতে পারবে না । বলবে, আমরা ব্রহ্মার মুখ বংশাবলী, কিন্তু হলো তো কোখ (গর্ভজাত) বংশাবলী । ওরা বলে, আমরা মুখ বংশাবলী ছিলাম, এখন কোখ বংশাবলী হয়েছি । এখন এমন তো নয় যে, ব্রহ্মার কোখ বংশাবলী হবে । তাই এ হলো বড় আশ্চর্যের কথা । বাবা কখনো মিথ্যা কথা শোনাবেন না । তিনি হলেন সত্য । আমরাও সত্য তৈরী হচ্ছি । নিজেকে অতি চালাক মনে করো না । এই দাদাও বলেন - যতক্ষণ না পরিপূর্ণ হচ্ছো, ততক্ষণ কিছু না কিছু হতে পারে কিন্তু তোমাদের কাজ হলো শিব বাবার সঙ্গে । মনুষ্য তো কিছু ভুল করতে পারে, অন্যদের সঙ্গে তোমাদের খিটখিট হতে পারে কিন্তু বাবার থেকে তো তোমাদের উত্তরাধিকার প্রাপ্ত করতে হবে, তাই না । অনেক বাচ্চা আবার বাবার উপরও রাগ করে । যদি কোনো ভাই - বোন কিছু বলেও দেয়, অন্তত শিব বাবার মুরলী তো শোনো । ঘরে বসে থাকলেও শিব বাবার সম্পদ তো নাও । এই সম্পদ ছাড়া তোমরা কি করবে । ব্রাহ্মণদের সঙ্গে তো অবশ্যই আসতে হবে, না হলে শূদ্র সঙ্গের প্রভাব পড়ে যাবে । তোমাদের দুর্গতি হয়ে যাবে । সৎসঙ্গ উদ্ধার করে আর কুসঙ্গ পতন ঘটায় । আমরা যদি গিয়ে বকের সঙ্গে থাকি তাহলে সর্বনাশ হয়ে যায় । এক বাবাকেই কাণ্ডারী বলা হয় । বাকি ডুবিয়ে দেওয়ার জন্য অনেকেই আছে । কোনো মানুষই নিজেকে কাণ্ডারী বা গুরু বলতে পারে না । এই অসার সংসার, বিষয় সাগর থেকে দূর করে সুইট হোমে নিয়ে যান এক বাবাই । বাবা বলেন সুখধাম, শান্তিধাম আর দুঃখধাম এই তিন ধাম আছে । তোমাদের এই দুঃখধাম থেকে বের হয়ে শান্তিধাম যেতে হবে । এই দুঃখধামে আগুন লাগবে । এ হলো দুঃখের খড়ের গাদা, এখানে কুম্ভকর্ণের মতো ভ্রষ্টাচারী মানুষরা থাকে । মানুষ পতিত পাবন বাবাকে ডাকে। পতিত পাবনী গঙ্গাকে তো ডাকার কোনো কথাই নেই । গঙ্গা তো হল অনাদি । স্বর্গেও তো থাকবে, তাই না । এই গঙ্গা যদি পতিত পাবনী হয় তাহলে তো সবারই পবিত্র হওয়া উচিত । মানুষ কিছুই বোঝে না ।

বাচ্চারা, এখন তোমাদের বোঝানো হয়েছে । তোমরা পুরুষার্থের নম্বর অনুসারে বুঝতে পারো, কেননা বাচ্চাদের মধ্যে ঘাটতি (দুর্বলতা) আছে, অশুদ্ধ অহংকার, কাম - ক্রোধ প্রত্যেকের মধ্যেই আছে । প্রত্যেককেরই নিজের মনকে জিজ্ঞেস

করা উচিত যে, আমার মধ্যে কি ঘাটতি আছে । বাবাকে বলা উচিত - বাবা, আমার মধ্যে এই দুর্বলতা আছে । না হলে সেই দুর্বলতা বৃদ্ধি পেতে থাকবে । ইনি কোনো অভিশাপ দেন না, কিন্তু এ হল 'ল (নিয়ম) । দুর্বলতার দান করে দিয়ে কেউ যদি আবার ভুলে যায় তাহলে বাবাকে বলে দেওয়া উচিত । বাবা আমি এই ভুল করেছি, অমুক জিনিস চুরি করেছি। শিব বাবার ভাণ্ডারে সবকিছুই পাওয়া যায়, অবিনাশী জ্ঞান রত্নও পাওয়া যায়, তাই শরীর নির্বাহের প্রয়োজনে সবকিছুই পাওয়া যায় । বুদ্ধির খাবার, শরীরের খাবার সবকিছুই পাওয়া যায় । তবুও যদি কিছু চাও, চাইতে পারো । যদি না জিজ্ঞেস করে কিছু তুলে নাও তাহলে তোমাদের দেখে অন্যেরাও এমন করবে । চেয়ে নেওয়া ঠিক । বাচ্চারা যেমন বাবার কাছ থেকে যা কিছুই চায়, বাবা দিয়ে দেয় । বিত্তবান হলে তারা তো বাচ্চাদের সব দিতে পারবে, গরীবরা কি করবে । এ তো শিব বাবার ভাণ্ডার, যা কিছুই চাই, তোমরা চাইতে পারো । যথাযোগ্য সবাই পাবেই । বাবা, মাম্মা এবং অনন্য বাচ্চাদের সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা করা উচিত নয় । বাবাও মহিমা করেন যে, অমুক বাচ্চা খুব ভালো সার্ভিস করে । বাচ্চারা, তাই তোমাদেরও তাদের সম্মান করা উচিত । সমস্ত কিছুই জ্ঞান এবং যোগের উপর নির্ভর করে । সচেতন বাচ্চারা খুব যুক্তির সঙ্গে চলে, তারা জানে যে, এরা বরাবর আমাদের থেকে যোগ্য । তাই তাদের সম্মানের সঙ্গে দেখা উচিত । মেয়েরাও অনেকে খুব লেখাপড়া জানা, তীক্ষ্ণবুদ্ধিসম্পন্ন হয়, যারা 'আপনি - আপনি' বলে নম্রতার সাথে সম্মান দিয়ে কথা বলে থাকে । কোনো কোনো অশিক্ষিত তো 'তুমি - তুমি' বলে কথা বলে । এই ম্যানার্স চাই । বাবার সামনে তো কতো ধরনের আসে । বাবা সকলকেই জিজ্ঞেস করেন - তোমরা সন্তুষ্ট (রাজি) আর খুশী তো ? বড় বড় অফিসারদেরও সম্মান করতে হয় । পোপ এলে তাকেও বলতে হবে, এ হলো কাঁটার জঙ্গল, আপনারা যাকে প্যারাডাইস বলেন, সেটা হলো ফুলের বাগিচা । ওখানে তো অবশ্যই খুব সুন্দর ফরিস্তারা থাকবে । এ হলো কাঁটার জঙ্গল, জঙ্গলে কাঁটা আর জানোয়াররাই থাকে । এই বাবা তো কাউকেই যা কিছু বলতে পারে । বাচ্চারা তো বলতে পারে না । এখন প্যারাডাইস স্থাপন হচ্ছে, এ হলো আয়রন এজ । এখানে আল্লাহ'র বাগিচার স্থাপনা হয় । সত্যযুগ হলো আল্লাহ'র বাগিচা, আর এ হলো কাঁটার জঙ্গল । এ খুবই বোঝার মতো কথা । ভাগ্যবানরাই খুব ভালোভাবে বুঝতে পারে এবং বোঝাতে পারে । বাবা বাচ্চাদের খুব ভালো রায় দেন, তাই তোমাদের পাঁচ বিকারকে জয় করতে হবে । এর বিদায় তো অন্তিমে হবে, ততক্ষণ কিছু না কিছু কমতি থাকে । সেই কমতি দূর করার পুরুষার্থ করতে হবে, দেহী - অভিমানী হতে হবে । শান্তিধাম আর সুখধামকে স্মরণ করতে হবে, তাহলে খুশীতে থাকবে । আমরা ভায়া শান্তিধাম হয়ে সুখধামে যাই, ততক্ষণ সম্পূর্ণ স্বচ্ছ হয়ে যাবে । তারপর স্বর্গে সব জিনিস এক নম্বর পাবে । তোমরা এসে হীরে জহরতের মহল তৈরী করবে, এটা সেটা করবে । তোমাদেরও বুদ্ধিতে থাকে যে, আমরা হলাম আত্মা । এখানে এসেছি আমাদের রাজধানী স্থাপন করতে । এরপর শিব বাবার সঙ্গে চলে যাবো । আমরা রাজযোগ শিখছি, এরপর গিয়ে সূর্যবংশী, চন্দ্রবংশী রাজা - রানী হবো । রাজমহল মহল তো তৈরী করতে হবে, তাই না । এই কথা মনে মনে মন্থন করে খুবই খুশী হওয়া উচিত । কমতি তো অনেকই আছে, অনেকেই দেহ বোধে আসে । এ তোমাদের পূর্বের পুরানো পোশাক, নতুন বস্ত্র সত্যযুগে পাওয়া যাবে । বাবা বসে মিষ্টি - মিষ্টি বাচ্চাদের বোঝান - অর্ধেক কল্প তোমরা ভক্তি করেছো - ভগবানের সঙ্গে মিলিত হওয়ার জন্য । ভক্তি করা হয় এক ভগবানের সঙ্গে মিলিত হওয়ার জন্য, নাকি অনেকের সঙ্গে মিলিত হওয়ার জন্য ? ভক্তিও একজনেরই করা হয় তারপর ব্যভিচারী ভক্তি হয়ে যায় । এরপর তোমরা জন্ম - জন্মান্তরের জন্য গুরু করো, পুনর্জন্ম গ্রহণ করলে আবার গুরু করতে হয় । বাবা এখন বলেন, আমি তোমাদের স্বর্গে নিয়ে যাই । ওখানে তোমাদের জন্ম - জন্মান্তরের জন্য গুরু করার দরকার হবে না । অব্যভিচারী ভক্তির পরে ব্যভিচারী ভক্তি হয়, কেননা এখন হলো অবতরণের কলা । বাবা তাই বলেন - বাচ্চারা, এখন ঘরে ফিরে যেতে হবে । আমার জন্য গাওয়া হয় - আমি লিবারেটর, কাণ্ডারী, বাগানের মালিক । স্বর্গ হলোই ফুলের বাগান । এরপর কাণ্ডারী চলে যাবে । সবাই তো আর স্বর্গে যাবে না । প্রথম - প্রথম যারা আসে, তাদের জন্য যেন আল্লাহ'র বাগিচা, তারা অনেক সুখ ভোগ করে । আল্লাহই সবাইকে সুখ প্রদান করে । এ তো যে কেউই বলবে যে, সত্যযুগ আল্লাহ'র বাগিচা ছিলো । ভারতই হলো প্রাচীন খণ্ড । যখন সূর্যবংশী, চন্দ্রবংশীরা রাজত্ব করতো, ওই সময় সব আত্মারা সুইট হোমে ছিলো, সেইজন্যই তারা মুক্তিতে যাওয়ার জন্য ভক্তি করে । জীবনমুক্তি দেওয়ার মতো গুরু তো কেউই নেই । শিব বাবাই মুক্তি আর জীবনমুক্তির পথ বলে দেন । এখন এ হলো দুঃখধাম, এই খড়ের গাদায় আগুন লেগে যাবে, লক্ষ্য বছরের কল্প হয় না । লক্ষ্য বছর মনে করে কুম্ভকর্ণরা নিদ্রায় ঘুমিয়ে আছে । এখন ঈশ্বর এসে জাগিয়েছেন, তোমাদের আবার অন্যদেরও জাগাতে হবে । সার্ভিস ছাড়া তো উচ্চ পদ পাওয়া যাবে না । বাচ্চাদের উপর বাবার দয়া হয় যে তারা সম্পূর্ণ উত্তরাধিকার পায় না । বাবা তো সবাইকেই সম্পূর্ণ পুরুষার্থ করাবেন । কেন না তোমরা বাবার বিজয় মালায় গ্রথিত হয়েও যাও । কাউকে বোঝানো খুবই সহজ । ব্রহ্মার দ্বারা স্থাপনা আর শঙ্করের দ্বারা দুঃখধামের বিনাশ । এখন তোমাদের সুখধামের জন্য পুরুষার্থ করতে হবে, কিন্তু সুখধামকে কেউই জানে না । যদি জানে তাহলে সেখানে পৌঁছে যাবে । কেউ জানে না তাই পৌঁছাতেও পারে না । ডানা ভেঙ্গে গেছে । বাচ্চারা, তোমরা কালকে জয় করো । কালের কাল বাবাই তোমাদের কালকে জয় করাবেন । তাই এই সব ধারণা করে পতিতদের পবিত্র হতে হবে । কেবল প্রভাবিত হয়ে গেলে

